



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

পরিচালক (প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং-০৪/২০১৯খ্রি.

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০১৯খ্রি.।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর কয়েক ক্যাটাগরী পদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্যে কিছু সংখ্যক প্রার্থীর "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম" যথাযথ পুলিশ এজেন্সি থেকে প্রত্যায়িত হয়ে চবক-তে এসে না পৌঁছায় তাঁদের নিয়োগপত্র প্রদানে বিলম্ব হচ্ছে। "নিম্নমান বহিঃ সহকারী", "সহকারী শিক্ষক/শিক্ষিকা (প্রাইমারি)", "নিরাপত্তা রক্ষী" এবং "খালাসী" পদে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের মধ্যে যাদের "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম" সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষ থেকে প্রত্যায়িত হয়ে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষে পাওয়া গেছে সহসাই তাদের নিয়োগপত্র ডাকযোগে প্রেরণ করা হচ্ছে।

২। এছাড়া প্রাথমিকভাবে নির্বাচিত যে সকল প্রার্থীর "পুলিশ প্রত্যয়ন বিবরণী ফর্ম" সংশ্লিষ্ট পুলিশ এজেন্সি থেকে প্রত্যায়িত হয়ে এখনো চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষে পাওয়া যায়নি, তাদের নিয়োগপত্র পুলিশ প্রত্যয়ন পাওয়ার পরপর প্রেরণ করা হবে।

৩। পুলিশী প্রত্যয়ন এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ হাসপাতাল কর্তৃক পরিচালিত শারীরিক যোগ্যতার পরীক্ষা সন্তোষজনক প্রতিবেদন সাপেক্ষে "নিরাপত্তা রক্ষী" পদের প্রার্থীগণ আগামী ০৩/০৩/২০১৯, "খালাসী" পদের প্রার্থীগণ আগামী ০৪/০৩/২০১৯, "নিম্নমান বহিঃ সহকারী" পদের প্রার্থীগণ আগামী ০৫/০৩/২০১৯ এবং "সহকারী শিক্ষক/শিক্ষিকা (প্রাইমারি)" পদের প্রার্থীগণ আগামী ০৬/০৩/২০১৯ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় চাকুরীতে যোগদানের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ (নিয়োগপত্রের ফটোকপি, শারীরিক যোগ্যতা পরীক্ষার মূল সনদ এবং ০১(এক) কপি ছবি) চট্টগ্রাম বন্দর প্রশিক্ষণ কেন্দ্র, বন্দর, চট্টগ্রামে উপস্থিত থাকবেন।

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-১৮.০৪.০০০০.১৮১.১১.০২২-১৭

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

- ১। পরিচালক (পরিবহন), চবক।
- ২। পরিচালক (নিরাপত্তা), চবক।
- ৩। প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক।
- ৪। প্রধান প্রকৌশলী, চবক।
- ৫। প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), চবক।
- ৬। ম্যানেজার ট্রেনিং, চবক।
- ৭। উপ-প্রধান প্রকৌশলী (মেরিন), চবক।
- ৮। সিস্টেমস এনালিস্ট, চবক। [ বিজ্ঞপ্তিটি চবক এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো। ]
- ৯। চেয়ারম্যান, চবক মহোদয়ের একান্ত সহকারী, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০। গার্ড ফাইল, অফিস কপি।

তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০১৯খ্রি.।